

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- [www.cnfctg.org](http://www.cnfctg.org), [www.cnfctg.net](http://www.cnfctg.net)

E-mail- [cnfctg@gmail.com](mailto:cnfctg@gmail.com), [cnfctg@yahoo.com](mailto:cnfctg@yahoo.com)

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৬৩/২০১৬

সকল সম্মানিত সদস্যদের প্রতি,

তারিখঃ ০৫/১০/২০১৬খ্রিঃ

### অফডক সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে জানানো যাচ্ছে যে, বন্দরের প্রচলিত নিয়ম অনুযায়ী আমদানি পণ্য ভর্তি কন্টেইনার বন্দরে অবতরণের পর খালাস গ্রহণের জন্য ৪ দিন Free Time হিসেবে বিবেচিত হয়। তেমনি “বেসরকারী আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬” অনুযায়ী অফডকগামী কন্টেইনার সমূহ (একই চালানভুক্ত সকল কন্টেইনার) জাহাজ হতে নামার ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট অফডক কর্তৃক তাদের চতুরে নিয়ে যাবে (“বেসরকারী আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬” এর অনুচ্ছেদ নং-৮.১.১)। সকল কন্টেইনার সংশ্লিষ্ট অফডকে যাওয়ার পর ৪ দিন Free Time হিসেবে বিবেচিত হবে (“বেসরকারী আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬” এর অনুচ্ছেদ নং- ৮.৬.৩) এবং এর পর হতে অফডক সমূহ ডেমারেজ চার্জ গ্রহণ করবেন। রঞ্জানী পণ্য বোঝাই ট্রাক আগমনের পর সর্বোচ্চ ৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট অফডক পণ্য Un-load এর ব্যবস্থা করবে (“বেসরকারী আইসিডি/সিএফএস নীতিমালা-২০১৬” এর অনুচ্ছেদ নং - ৮.৬.৫)।

উপরোক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে অত্র এসোসিয়েশনকে তার তথ্য প্রমাণাদিসহ লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন